

আজকাল

৩৮ বর্ষ ১৯০ সংখ্যা ১৫ আশ্বিন ১৪২৫ মঙ্গলবার ২ অক্টোবর ২০১৮

আজ থেকে শুরু দান উৎসব

আজকালের প্রতিবেদন

প্রান্তিক শিশুদের শিক্ষা, খাদ্য, স্বাস্থ্য পরিষেবা দিচ্ছে এমন স্কুল, প্রতিষ্ঠানকে সম্মান জানাবে বিড়লা কর্পোরেশন লিমিটেড। সহযোগিতায় বেশ কয়েকটি স্বেচ্ছাসেবী সংস্থা। আজ, মঙ্গলবার থেকে কলকাতায় শুরু হচ্ছে দশম দান উৎসব। চলবে ৮ অক্টোবর পর্যন্ত। এই কদিনে প্রান্তিক শিশুদের শিক্ষা, স্বাস্থ্যের জন্য একগুচ্ছ কর্মসূচি নেওয়া হয়েছে। এরই অংশ হিসেবে আনন্দ স্কুলের পড়ুয়ারা জামাকাপড় সংগ্রহ করবে। এবং তা দেবে শিয়ালদা স্টেশন এলাকায় থাকা দুঃস্থদের মধ্যে। আনন্দ স্কুলের পড়ুয়ারা নিজেরাই এসেছে আর্থিকভাবে দুঃস্থ পরিবার থেকে। সকলের পাশে সকলে আমরা— উৎসবের মরশুমে এই বার্তা দিতেই হাজির তারা। ১২০০ শিশুকে নিকো পার্কে ঘোরানো উদ্যোগ নেওয়া হয়েছে। অন্যদিকে, 'স্কুলে ফিরে চলো' কর্মসূচিতে হাজার দেড়েক প্রান্তিক শিশুর হাতে স্কুলব্যাগ, খাতা, পেনসিল, রং তুলে দেওয়া হবে। অন্যদিকে, উষ্ণি এলাকার পড়ুয়ারা স্থানীয় হাসপাতালের রোগীদের জন্য ফল কিনে দেবে। এই কাজে তাদের উৎসাহ দিচ্ছে উষ্ণি উত্তর বিষ্ণুপুর ভারততীর্থ। পড়ুয়ারা অভিভাবকদের সহযোগিতায় গ্রাম সাফাইয়ের কর্মসূচিতে যোগ দেবে। প্রিয়ংবদা বিড়লা অরবিন্দ আই হাসপাতাল লিলুয়ায় চোখের ছানির চিকিৎসায় শিবির করবে। এ ছাড়া আরও বেশ কয়েকটি স্কুল, স্বেচ্ছাসেবী সংস্থা, আবাসন সমিতি অংশ নেবে দান উৎসবে। www.sammanawards.com— এই ওয়েবসাইটে গিয়ে দান উৎসবে যোগ দেওয়া যাবে। পরে এদের সম্মান জানাবে বিড়লা কর্পোরেশন লিমিটেড।